

রাজশাহী কলেজ, রাজশাহী

ডকেট নং ২৬০

তারিখ ২২/০৪/২০২৬

স্থাপিত. ১৮৭৩

ড. মোঃ হাফিজ হোসেন

স/স

২২/০৪/২০২৬

একই তারিখ ও স্মারক প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা কার্যালয়, রাজশাহী

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

E-mail: rajshahi@dnc.gov.bd, rajshahidnc@gmail.com

স্মারক নং- ৫৮.০২.৮১০০.১৩৭.০৬.০০৮.২৩-২২৬

তারিখঃ ২২/০৪/২০২৬ খ্রি:।

বিষয়ঃ মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসংগে

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যায় যে, "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬" উদযাপন উপলক্ষ্যে রাজশাহী জেলায় নিম্নলিখিত গ্রুপ, শ্রেণি ও বিষয় ভিত্তিক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

রচনা প্রতিযোগিতা

ক্র:নং	গ্রুপ	শ্রেণি	২০২৬ সালের জন্য বিষয়বস্তু
০১	'ক'	৬ষ্ঠ, ৭ম, ৮ম ও সমমান(সর্বোচ্চ-১০০০ শব্দ)	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা
০২	'খ'	৯ম, ১০ম ও সমমান(সর্বোচ্চ ১৫০০ শব্দ)	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামী বাংলাদেশ
০৩	'গ'	একাদশ, দ্বাদশ, স্নাতক ও সমমান(সর্বোচ্চ ২০০০ শব্দ)	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। রাজশাহী জেলার সকল নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক ও সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোন ক্রমেই রচনার ফটোকপি গ্রহণ যোগ্য নয়।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণি ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর "রচনা প্রতিযোগিতাঃ "মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন-২০২৬ লিখতে হবে।
- ৬। রচনা আগামী ১৪ মে, ২০২৬ তারিখের মধ্যে উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী, হুড়গ্রাম (ঠাকুরমারা), পোস্ট: মিয়াপুর, থানা: কাশিয়াডাঙ্গা, রাজশাহী ঠিকানায় ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে।

পুরস্কার:

রচনা প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে আপনার নিয়ন্ত্রণাধীন/আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচারের মাধ্যমে মাদকবিরোধী রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণে আপনার সহযোগিতা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

রাজশাহী কলেজ,
রাজশাহী

২২.৪.২৬

(মোঃ মেহেদী হাসান)

উপপরিচালক

ফোন নং- ০২৫৮৮৮০০০৮৩

মোবাইল নং-০১৪০৪-০৭২৪০৩।

ড. মোঃ হাফিজ হোসেন

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২২/০৪/২০২৬

২২/০৪/২০২৬